**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
১০ বিবি রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪'এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৮ম সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব এ, এইচ, এম কামরুজ্জামান
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ২১/০৫/২০২৫ খ্রিঃ

সময় : বিকাল ৩.০০ টা

সভার স্থান : সম্মেলন কক্ষ, নগর ভবন কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

সভাপতি সম্মানীত সকলসদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন শুরু করেন।

## আলোচ্যসূচি ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম গত ২১/০৪/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ কমিটির ৭ম সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট শাখা/ বিভাগ (সকল), কর্মকর্তা/ কর্মচারী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ২: রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন রাজস্ব আদায়ের হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

**(ক) রাজস্ব আদায়: অর্থবছর ২০২৪-২০২৫ : (জুলাই ২০২৪ হতে এপ্রিল ২০২৫) (লক্ষ টাকায়)**

| অঞ্চল | আদায়ের খাত | বকেয়াসহ ২০২৪-২০২৫ অর্থবছরের দাবি | এপ্রিল ২০২৫ মাসে আদায় | জুলাই ২০২৪-এপ্রিল ২০২৫ মোট আদায় | দাবির প্রেক্ষিতে আদায়ের হার | অবশিষ্ট আদায়যোগ্য (বকেয়াসহ) |
|---|---|---|---|---|---|---|
| নারায়ণগঞ্জ | পৌরকর | ৩০০১.১৫ | ৩১.৩০ | ৮৯২.৯৯ | ২৯.৭৫% | ২১০৮.১৬ |
| | ট্রেড লাইসেন্স | ৪২০.০০ | ৫.৪২ | ৩৯৯.৩১ | ৯৫.০৭% | ২০.৬৯ |
| | দোকান ভাড়া | ২৮৪.১৩ | ৩৪.৬৩ | ২৫৬.২০ | ৯০.১৮% | ২৭.৯০ |
| উপমোট | | ৩৭০৫.২৮ | ৭১.৩৫ | ১৫৪৮.৫৩ | ৪১.৭৯% | ২১৫৬.৭৫ |
| সিদ্ধিরগঞ্জ | পৌরকর | ৪৯৫৭.৩৩ | ৫৩.৮১ | ২০৪১.২৯ | ৪১.১৮% | ২৯১৬.০৪ |
| | ট্রেড লাইসেন্স | ৩২০.০০ | ৭.৬৪ | ২১৬.০৩ | ৬৭.৫১% | ১০৩.৯৭ |
| | দোকান ভাড়া | ০.৮২ | ০.৪০ | ১.২২ | ৯৭.৬০% | ০.০৩ |
| উপমোট | | ৫২৭৮.০৮ | ৬১.৮৫ | ২২৫৮.৫৪ | ৪২.৭৯% | ৩০২০.০৪ |
| কদমরসুল | পৌরকর | ২০২৩.৮৩ | ১২.৯৮ | ৮৩৯.০০ | ৪১.৪৬% | ১১৮৪.৮৩ |
| | ট্রেড লাইসেন্স | ৬০.০০ | ১.০১ | ৪৯.৪৩ | ৮২.৩৮% | ১০.৫৭ |
| | দোকান ভাড়া | ১৪.৯৯ | ০.০০ | ৯.৫৪ | ৬৩.৬৪% | ৫.৪৫ |
| উপমোট | | ২০৯৮.৮২ | ১৩.৯৯ | ৮৯৭.৯৭ | ৪২.৭৮% | ১২০০.৮৫ |
| মোট | পৌরকর | ৯৯৮২.৩১ | ৯৮.০৯ | ৩৭৭৩.২৮ | ৩৭.৮০% | ৬২০৯.০৩ |
| | ট্রেড লাইসেন্স | ৮০০.০০ | ১৪.১০ | ৬৬৪.৮০ | ৮৩.১০% | ১৩৫.২৩ |
| | দোকান ভাড়া | ২৯৯.৮৭ | ৩৫.০৩ | ২৬৬.৯৯ | ৮৯.০৪% | ৩২.৮৮ |
| সর্বমোট | | ১১০৮২.১৮ | ১৪৭.১৯ | ৪৭০৫.০৪ | ৪২.৪৬% | ৬৩৭৭.১৪ |

**(খ) রাজস্ব আদায়: পানি সরবরাহ বিভাগের দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়)

| এপ্রিল-২০২৫ | | ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে এপ্রিল ২০২৫) | এপ্রিল মাস (হাল) | মোট (ভ্যাট ব্যতীত) |
|---|---|---|---|---|---|
| | দাবি (ভ্যাট ব্যতীত) | ২৮১৩.৫৫ | ৯৪২.৮৯ | ১৪০.২০ | ৩৮৯৬.৬৪ |
| | আদায় (ভ্যাট ব্যতীত) | ১৯.৮২ | ২৫.৪৬<br>সারচার্জ: ২.৮৮ | ৯৩.৮৮ | ১৪২.০৪ |

**(গ) রাজস্ব আদায়: পানি সরবরাহ বিভাগের অন্যান্য আদায় বিবরণী**

| ক্রম | আদায়ের খাত | আদায়ের পরিমাণ |
|---|---|---|
| ১. | নবায়ন ফি বাবদ | ১৩,০০,৪৩৬/- |
| ২. | ডিমান্ড নোট বাবদ (ব্যাংকে মাধ্যমে ৩৩,৭৬৫/- টাকা, অফিস রশিদের মাধ্যমে ১,২৩,৬৬০/- টাকা এবং জরিপের মাধ্যমে ২২,৫০০/- টাকা) | ১,৭৯,৯২৫/- |
| ৩. | নতুন সংযোগের ফরম বাবদ (জরিপে ৪টি এবং অফিসে ১৫টি) | ৩,৮০০/- |
| ৪. | মিটার বিক্রয় বাবদ | ২২,৭০০/- |
| ৫. | গাড়ি দ্বারা পানি বিক্রয় বাবদ | ৯,০০০/- |
| | সর্বমোট | ১৫,১৫,৮৬১/- |

ইতোমধ্যে কর্তৃপক্ষের নির্দেশে ১৫ নং ওয়ার্ডে অবৈধ সংযোগ শনাক্তে জরিপের কাজ সম্পন্ন হয়েছে। গত ২১/০৪/২৫ খ্রিঃ তারিখ হতে ১৫/০৫/২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১৬ কার্যদিবসে ১১৭৪ টি হোল্ডিংয়ে জরিপ কার্যক্রম পরিচালিত হয়। জরিপে মোট ২৩৪ টি অবৈধ সংযোগ শনাক্ত হয়। তন্মধ্যে গভীর নলকূপ ২২৪ টি এবং পাইপ লাইন সংযোগ ১০ টি। অবৈধ সংযোগ বৈধকরণে ১১টি ডিমান্ড নোটসহ মোট আদায়ের পরিমাণ ৭১,২৫৫/- টাকা। বাকি অবৈধ সংযোগ গ্রহণকারীদের বিপরীতে নোটিশ প্রেরণের কাজ চলমান রয়েছে।

**সিদ্ধান্ত**: (১) ওয়ার্ডভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদারকরণ, (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদেরকে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চলভিত্তিক কার্যক্রম গ্রহণ, (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোরালোভাবে সম্পন্ন করা, (৪) লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং রাজস্ব আদায়ে কাঙ্ক্ষিতমাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখা, (৫) বকেয়া/ খেলাপি গ্রাহকগণের নিকট হতে এ প্রতিষ্ঠানের পাওনা রাজস্ব আদায়ের লক্ষ্যে তাদের অনুকূলে অতি দ্রুত পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর আদায়, বাজার শাখা এবং ট্রেড লাইসেন্স শাখা, রাজস্ব শাখা, পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৩: এপ্রিল ২০২৫ মাসের আয়-ব্যয় হিসাব পর্যালোচনা।

**আলোচনা:** প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন সভায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গত এপ্রিল ২০২৫ মাসের আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| **খাত** | ফেব্রুয়ারি ২০২৫ | মার্চ ২০২৫ | এপ্রিল ২০২৫ | মোট (বিগত ৩ মাস) |
|---|---|---|---|---|
| | | আয় | | |
| রাজস্ব আয় | ৫৪৭.৫৮ | ১১১৬.৩৯ | ৬৭৪.০০ | ২৩৩৭.৯৭ |
| রাজস্ব আয় (পানি) | ১৩০.৮২ | ১২১.৪৯ | ১৩৯.১৬ | ৩৯১.৪৭ |
| সরকারি উন্নয়ন বরাদ্দ (থোক বরাদ্দ থেকে) | -- | ৪৮১.১৫ | ৪৮১.১৫ | ৯৬২.৩ |
| মোট আয় | ৬৭৮.৪ | ১৭১৯.০৩ | ১২৯৪.৩১ | ৩৬৯১.৭৪ |
| | | ব্যয় | | |
| রাজস্ব ব্যয় (রাজস্ব আয় থেকে) | ২৯৪.৫৩ | ৭৩৬.০৭ | ৮৪.৮৫ | ১১১৫.৪৫ |
| উন্নয়ন ব্যয় (রাজস্ব আয় থেকে) | ৭১.২৩ | ১৪৯৫.৮০ | -- | ১৫৬৭.০৩ |
| পানি সরবরাহ | ৬৫.৪৬ | ৪৮৪.৪০ | ১৫.০৫ | ৫৬৪.৯১ |
| উন্নয়ন ব্যয় (থোক বরাদ্দ থেকে) | -- | -- | -- | -- |
| মোট ব্যয় | ৪৩১.২২ | ২৭১৬.২৭ | ৯৯.৯৯ | ৩২৪৭.৩৯ |

এছাড়াও সভায় এ সিটি কর্পোরেশনের বিভিন্ন খরচের বিবরণী তুলে ধরা হয়, যা নিম্নরুপ:

| ক) সাধারণ সংস্থাপন | টাকার পরিমান |
|---|---|
| স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা | ৫৫,৩৭,৮৩৯ |
| পরিচ্ছন্ন কর্মীদের পারিশ্রমিক | - |
| দক্ষ শ্রমিকদের পারিশ্রমিক | - |
| উপ-মোট | ৫৫,৩৭,৮৩৯ |
| খ) পরিচালন ও পরিসেবা ব্যয় | ২৯,৪৭,৭৩০ |
| গ) পানি সরবরাহ | ১৫,০৫,০০০ |
| ঘ) উন্নয়ন ব্যয় | ০.০০ |
| সর্বমোট (ক+খ+গ+ঘ) | ৯৯,৯০,৫৬৯ |

| জুলাই ২০২৪ – এপ্রিল ২০২৫ পর্যন্ত (৯ মাস) মোট আয় ও ব্যয় | | | |
|---|---|---|---|
| আয় | | ব্যয় | |
| রাজস্ব | ৯১,০৭,২৯,৫৮১.০০ | রাজস্ব (সাধারণ সংস্থাপন ও পরিচালন) | ৩৭,০৩,৩৩,৪১২.০০ |
| উন্নয়ন | ১৫,৬৫,৭৭,১০০.০০ | থোক বরাদ্দ থেকে উন্নয়ন | ২,৪৬,৫৮,৪৭২.০০ |
| - | - | রাজস্ব থেকে উন্নয়ন | ৪২,৯৩,৬৯,৬৮৮.০০ |
| মোট | **১০৬,৭৩,০৬,৬৮১.০০** | মোট | **৮২,৪৩,৬১,৫৭২.০০** |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে এপ্রিল ২০২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৪: স্বাস্থ্যসেবা প্রদান পরিচালনা ব্যবস্থা ও ডেঙ্গু প্রতিরোধে কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত আলোচনা।

**(ক) নগর স্বাস্থ্যকেন্দ্রে স্বাস্থ্যসেবা প্রদান পরিচালনা ব্যবস্থা সম্পর্কিত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সবাইকে জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর স্বাস্থ্য কেন্দ্র এর জন্য ইসিজি মেশিন, এক্সরে মেশিন, Biochemestry Analyzer Machine, CBC মেশিন ক্রয়ের প্রক্রিয়া চলমান রয়েছে। উক্ত মেশিনগুলো ক্রয় করা হলে নগরবাসীর জন্য সুলভ মূল্যে উন্নত স্বাস্থ্য সেবা প্রদান করা যাবে।

**(খ) টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন (TCV) টিকাদান কার্যক্রম ২০২৫ সম্পর্কিত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সবাইকে জানান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) এর আওতায় আগামী মে-জুন ২০২৫ টাইফয়েড জ্বর প্রতিরোধের জন্য দেশব্যাপী "টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন ২০২৫" বাস্তবায়ন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই ক্যাম্পেইনে সকল বিভাগের অন্তর্গত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্লে, নার্সারি/ কিন্ডার গার্টেন হতে ৯ম শ্রেণির ছাত্র-ছাত্রী এবং শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ৯ মাস থেকে ১৫ বছর বয়সী শিশুদের ১ ডোজ টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন (TCV) প্রদান করা হবে। এরই ধারাবাহিকতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত ৫৩০টি স্কুলের শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন কার্যক্রম এবং স্কুল বহির্ভূত শিশুদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলছে।

**(গ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধ সম্পর্কিত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ডেঙ্গু প্রতিরোধে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে গৃহীত বিশেষ পদক্ষেপসমূহ সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

**ক. ডেঙ্গু প্রতিরোধে গৃহীত বিশেষ ব্যবস্থা:** ডেঙ্গু মশার প্রজনন স্থানসমূহ চিহ্নিতকরণের জন্য ২৭টি ওয়ার্ডে কাজ চলমান। ইতোমধ্যে চিহ্নিত হটস্পট গুলো হচ্ছে:

**ওয়ার্ড ৪:** (১) আটিগ্রামের ভাঙ্গাপ্রেস এলাকার ডোবা, (২) মাঠবাড়ি পুকুরপাড় ও আশেপাশের ডোবা।

**ওয়ার্ড ৬:** সুমিলপাড়া রেললাইনের পাশের ডোবা।

**ওয়ার্ড ৮:** (১) ডিএন্ডডি এর খাল, (২) আইলপাড়া এলাকার বদ্ধ ডোবা।

**ওয়ার্ড ১৬:** (১) বাবুরাইল লেকের দক্ষিণের ডোবা, (২) নগর স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালের পূর্ব পাশে পুকুর সংলগ্ন ময়লা ফেলার স্থান, (৩) এলএন রোডের ডোবা।

**ওয়ার্ড ১৮:** (১) নইল্লাপাড়ড়া ডোবা, (২) আল-আমিন নগর এলাকার ডাম্পিং স্পট।

ইতোমধ্যে ব্র্যাক এর সহযোগিতায় সিটি কর্পোরেশনের ১১টি ওয়ার্ডে ডেঙ্গু রোগের জীবানুবাহী মশার প্রজনন স্থল/ হটস্পট গুলো চিহ্নিত করে জলাশয় পরিষ্কার পরিচ্ছন্নতার পাইলট কাজ চলছে। যারা জরুরি ডেঙ্গু প্রতিরোধ সেবায় নিয়োজিত।

**খ. বিগত বছরে চিহ্নিত ২২টি ডেঙ্গু মশার হটস্পটসমূহ**

০১। ২ নং ওয়ার্ডে হিরাঝিল খাল।

০২। ৩ নং ওয়ার্ডে ডেমরা রোড ৪টি ডোবা।

০৩। ৪ নং ওয়ার্ডে মাঠবাড়ি পুকুরপাড় ও তার আশেপাশের ডোবা।

০৪। ৬ নং ওয়ার্ডে সুমিলপাড়া রেললাইনে পাশের ডোবা।

০৫। ৭ নং ওয়ার্ডে ফকিরাপুল খাল।

০৬। ৮ নং ওয়ার্ডে ডিএন্ডডি এর খাল।

০৭। ৮ নং ওয়ার্ডে আইলপাড়া এলাকায় বদ্ধডোবা।

০৮। ৯ নং ওয়ার্ডে সস্তাপুর খাল।

০৯। ১০ নং ওয়ার্ডে চিত্তরঞ্জন খাল।

১০। ১১ নং ওয়ার্ডে তল্লা নতুন রোড রেললাইন পুকুর ও তল্লা বড় মসজিদ ডোবা।

১১। ১১ নং ওয়ার্ডে তল্লা কিল্লারপুর পুকুর।

১২। ১২ নং ওয়ার্ডে বউবাজার ডোবা।

১৩। ১২ নং ওয়ার্ডে উত্তর চাষাড়া রামবাবুর পুকুর পাড়ের পূর্ব দিকে পুকুর।

১৪। ১৩ নং ওয়ার্ডে শ্মশানের পিছনে ডোবা।

১৫। ১৪ নং ওয়ার্ডে বাজনাপাড়া এর পিছনে পুকুর ও দাতা সড়ক, মাদ্রাসা গলি ডোবা।

১৬। ১৬ নং ওয়ার্ডে কাজীর দেওয়ানের বাড়ি আবর্জনা, এলএন রোডের ডোবা, নগর স্বাস্থ্য কেন্দ্র-৩ আবর্জনাযুক্ত পুকুর।

১৭। ১৬ নং ওয়ার্ডে বায়তুন নূর জামে মসজিদ এর পশ্চিমে ডোবা ও দেওভোগ বড় মসজিদ পাক্কা রোড পুকুর।

১৮। ১৭ নং ওয়ার্ডে নয়াপাড়া আবর্জনাযুক্ত পুকুর ও ভূঁইয়াপাড়া ডোবা ও আবর্জনা।

১৯। ১৮ নং ওয়ার্ডে নইল্লাপাড়া ডোবা, আলামিন নগর এলাকার ডাম্পিং স্পট, ডিয়ারা সরদারগলি আবর্জনাযুক্ত পুকুর।

২০। ১৫ নং ওয়ার্ডে ডাইলপট্টি পরিত্যক্ত প্লট।

২১। ২২ নং ওয়ার্ডে বি, এম, স্কুল ঘাট আবর্জনা।

২২। ২৫নং ওয়ার্ডে কাইয়ুম মিয়ার পুকুর।

**গ. সাংগঠনিক কাঠামো/ প্রাতিষ্ঠানিক কাঠামো**

২। ৩০০০০ অয়েল বল তৈরি করার প্রক্রিয়া চলমান;

৩। জনসচেতনতামূলক মাইকিং, লিফলেট বিতরণ, ব্যানার বানানো, স্কুল এবং কলেজে সভা আয়োজনের প্রস্তুতি চলছে;

৪। ডেঙ্গু মশার প্রজনন স্থানসমূহ চিহ্নিতকরণের জন্য ২৭টি ওয়ার্ডে কাজ চলমান;

৫। ইতোমধ্যে ব্র্যাক এর সহযোগিতায় সিটি কর্পোরেশনের ১১টি ওয়ার্ডে ডেঙ্গু মশার প্রজনন স্থল/হটস্পট চিহ্নিত করে জলাশয় পরিচ্ছন্নতার কাজ চলছে;

৬। নগরীর তিন অঞ্চলের ২৭ টি ওয়ার্ডের জন্য ৯টি মনিটরিং টিম গঠন করা হয়েছে।

৭। নগরীর তিন অঞ্চলের জন্য ২ (দুই) জন করে সুপারভাইজার নিয়োজিত যারা মনিটরিং টিম ও মশক কর্মীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে কাজ করেন।

৮। প্রতিটি ওয়ার্ডে মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে ৫ সদস্য বিশিষ্ট টিম রয়েছে।

৯। ১৫ সদস্যবিশিষ্ট একটি Special টিম রয়েছে যারা জরুরি ডেঙ্গু প্রতিরোধ সেবায় নিয়োজিত।

**ঘ. মশক নিধন কার্যক্রম**

১। প্রতিদিন ২৭টি ওয়ার্ডে পূর্বাহ্নে (সকাল ৮:০০টা হতে দুপুর ১২:০০টা) হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।

২। প্রতিদিন অপরাহ্নে (বিকাল ৪:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা) ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইড ফগিং করা হয়।

৩। বিশেষ প্রয়োজনে নগরীর গুরুত্বপূর্ণ রাস্তা ও ঝুঁকিপূর্ণ জায়গায় স্পেশাল টিমের সাহায্যে ফগিং করানো হয়।

৪। নগরীর নর্দমা, খাল ও বদ্ধ জলাশয়ে অয়েল বল প্রয়োগ করা হয়।

৫। মশক ঝুঁকিপূর্ণ স্থানসমূহে নিয়মিত বিশেষ অভিযান পরিচালনা করা হয়।

**ঙ. সচেতনতা কার্যক্রম**

১। জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

২। নগরীর প্রতিটি ওয়ার্ডে ডেঙ্গু জনসচেতনতামূলক মাইকিং করা হচ্ছে।

৩। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৪। সামাজিক যোগাযোগ মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা প্রচার করা হয়।

৫। ধর্মীয় নেতাদের (ইমাম, পুরোহিত, ফাদার) মাধ্যমে ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক বার্তা/চিঠি এর মাধ্যমে প্রচার করা হচ্ছে, বিশেষ করে মসজিদের সম্মানিত ইমামগণকে জুম্মার নামাজের বয়ানে ডেঙ্গু বিষয়ে কথা বলার জন্য চিঠির মাধ্যমে অনুরোধ করা হচ্ছে।

৬। মার্কেট, শপিংমল মালিক/ব্যবসায়ী প্রতিনিধিদের সম্পৃক্ত করে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৭। নগরীর প্রতি ওয়ার্ডে ডেঙ্গু নিধন সভার আয়োজন করা হয়েছে।

৮। ডেঙ্গু নিধন ও জনসচেতনতা করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

৯। মশক ঝুঁকিপূর্ণ স্থানে নিয়মিত সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিভিন্ন খাল, নর্দমা, বদ্ধ জলাশয় স্থানসমূহে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।

**চ. প্রতিরোধ কার্যক্রম**

১। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতায় পরিচালিত ৪টি নগর স্বাস্থকেন্দ্রে নিয়মিত বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে।

২। ডেঙ্গু আক্রান্তের তথ্য সংগ্রহ করে আবাসস্থল ও তার চারপাশে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে।

৩। নগরীর বিভিন্ন ওয়ার্ডে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে।

৪। লঞ্চঘাট, রেলস্টেশন, বাসস্ট্যান্ডে বিশেষ অভিযানের মাধ্যমে ঔষধ ছিটানো হচ্ছে।

**(ঘ) ডেঙ্গু রোগীর তথ্যাদি বিষয়ক আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম ২০২৫ সালে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| মাসের নাম | রোগীর সংখ্যা | মৃত্যুর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| জানুয়ারি | ১৩ | ০ | - |
| ফেব্রুয়ারি | ০৩ | ০ | - |
| মার্চ | ০৩ | ০ | - |
| এপ্রিল | ০০ | ০ | - |
| মে | ০২ | ০ | ১৯ মে ২০২৫ পর্যন্ত |
| মোট | ২১ জন | ০ | - |

এ বিষয়ে সভাপতি বলেন, গত বছরের পরিসংখ্যান বিবেচনায় এ বছর আরো আগেই এ রোগের প্রকোপ বাড়ার সম্ভাবনা রয়েছে। এজন্য আগে থেকেই প্রস্তুতি হিসেবে বিভিন্ন পরিকল্পনা ও কার্যকরি কর্মপদ্ধতি গ্রহণ করতে হবে। তার বক্তব্যের সাথে একমত পোষণ করে সিভিল সার্জন, নারায়ণগঞ্জ জনাব এ এফ এম মুশিউর রহমান জানান, Antigenic Drift এর মাধ্যমে মশার জীনগত পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। সে হিসেবে পূর্বাভিজ্ঞতার প্রেক্ষিতে অনুমান করা যায় যে, এ বছর ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব আরো শক্তিশালীরূপে দেখা যেতে পারে। এজন্য আগে থেকেই পর্যাপ্ত প্রস্তুতি ও বিভিন্ন পরিকল্পনা এবং কার্যকরি কর্মপদ্ধতি গ্রহণ করা প্রয়োজন এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা কার্যক্রম যেভাবে পরিচালনা করা হচ্ছে তা জোরদার করে অব্যাহত রাখতে হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা কার্যক্রম যেভাবে পরিচালনা করা হচ্ছে তা জোরদার করে অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** স্বাস্থ্য বিভাগ/ বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৫: উন্নয়নমূলক কার্যক্রম (চলমান ও নতুন প্রকল্প) ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ উন্নয়নমূলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| নারায়ণগঞ্জ অঞ্চল | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
| ১ | ১৩/২০১৯-২০ ৪টি (সমাপ্ত ৩টি) | Construction of 9 Storied Angina Commercial cum Apartment Building with Semi Basement at Dewbogh in Naryanganj City Corporation. | নিজস্ব | ১২৬৭.৬০ | ১২/০৪/২০ | ১২/০৪/২২ বর্ধিত ৩০/০৫/২৫ | ৯৯% | রি-কাস্ট চলমান। |
| ২ | ১৬/২০২০-২১ ৮টি (সমাপ্ত ৪টি) | ১০নং ওয়ার্ডে গোদনাইল কমিউনিটি সেন্টার পুনঃনির্মাণ | নিজস্ব | ৪২০.৭৬ | ২২/০৪/২১ | ২১/০৪/২২ বর্ধিত ৩০/০৬/২৫ | ৭০% | কাজ বাস্তবায়ন বন্ধ। Payment upon Termination এর নথি চলমান। |
| | | ১৪নং ওয়ার্ডে মহুয়া সিটি প্লাজা-১ বাণিজ্যিক কাম আবাসিক ভবন নির্মাণ | নিজস্ব | ১২২৯.৮৬ | ২২/০৪/২১ | ২২/১০/২২ বর্ধিত ২০/০৬/২৫ | ৯৮% | ভবনের বৈদ্যুতিক ডিজাইন ড্রয়িং সংশোধন কার্যক্রম চলমান। |
| | | ১৫নং ওয়ার্ডে পদ্ম সিটি প্লাজা-৭ আবাসিক ভবন নির্মাণ | নিজস্ব | ১৩৮৮.২৫ | ২২/০৪/২১ | ২২/১০/২২ বর্ধিত ৩০/০৬/২৫ | ৮০% | ফিনিশিং কাজ চলমান। |
| | | ১৫নং ওয়ার্ডে পদ্ম সিটি প্লাজা-৮ আবাসিক ভবন নির্মাণ | নিজস্ব | ১৪৮৫.৭৬ | ২২/০৪/২১ | ২২/১০/২২ বর্ধিত ৩০/০৬/২৫ | ৮৫% | ফিনিশিং কাজ চলমান। |
| ৩ | ৩/২০২১-২২ ৪টি (সমাপ্ত ৩টি) | Construction of Khatun-E-Zannat Sayedah Fatema (RA) City Jame Mosque at Mina Bazar ward no-15 | নিজস্ব | ৩৭৪.১২ | ২১/১২/২০২১ | ২০/১২/২২ বর্ধিত ০১/০২/২৪ | ৭৫% | Facade এর কারুকাজ বর্ধনে ডিজাইন-ড্রয়িং প্রণয়ন কাজ চলমান। |
| ৪ | ৮/২০২২-২৩ ৫টি (সমাপ্ত ৩টি) | Development of Paikpara Choto Koborsthan. | LGCRRP | ৭০৭.৪২ | ২৬/০৭/২৩ | ২৬/০১/২৫ বর্ধিত ২৬/০৬/২৫ | ৮৫% | কাজ চলমান। |
| | | Development of Paikpara Boro Koborsthan. | LGCRRP | ১০৮৫.৪৩ | ২৬/০৭/২৩ | ২৬/০১/২৫ বর্ধিত ২৬/০৬/২৫ | ৮৫% | কাজ চলমান। |
| ৫ | ২/২০২৩-২৪ ১টি (সমাপ্ত ০) | কলরব স্কুলের আসবাবপত্র ও আনুষঙ্গিক ক্রয় ও সরবরাহকরণ | নিজস্ব তহবিল | ৪৭.৯৪ | ১৩/০৩/২৪ | ১২/০৯/২৪ | - | Payment upon Termination কার্যক্রম চলমান। |
| ৬ | ৩/২০২৩-২৪ ২টি (সমাপ্ত ০) | ১২নং ওয়ার্ডে খানপুর ওয়াসা পাম্পের পাশে ১০(দশ) তলা আবাসিক ভবন নির্মাণ | নিজস্ব | ১৭৯৫.৯৩ | ০৬/০৬/২৪ | ২১/০৪/২২ বর্ধিত ৩০/০৬/২৫ | ২০% | পাইল ক্যাপ কাস্টিং কাজ চলমান। |
| | | ১৬নং ওয়ার্ডে সাধু নাগ মহাশয় কমপ্লেক্স নির্মাণ | নিজস্ব | ৬৬৫.০০ | ০৬/০৬/২৪ | ০৬/১২/২৫ | ৬% | পার্ট সি ভবনের নীচতলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। পার্ট এ ও বি ভবনের কাজ ঠিকাদার শুরু করেনি। রিভাইজড প্রাক্কলন প্রক্রিয়াধীন। |
| ৭ | ৫/২০২৩-২৪ ৯টি (সমাপ্ত ০) (LGCRRP-W-06) | 1) Upgrading of Uni-Block Paver Road and drain by RCC from (a) pashim kalabag Mr. Monir Hossain house to Birball Hossin house (b) Dakhin Azibpur Sanawaralay house to Alauddin Miah house Dakhin Azibpur matbari Mr. Jahangir | বিশ্ব ব্যাংক | ২৫৭.৩১ | ১৪/০৭/২৪ | ১৩/০৪/২৫ | ৬০% | জায়গা সংক্রান্ত জটিলতার কারণে সম্পূর্ণ কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না বিধায় |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | house to Mr. Musa house (d) Dakin Azibpur Sardarpara Mr. Jakir house to Mukless house (e) Pashim kalabag Omorpur Mr. Shamsul Hoque house to Ali Akber house (f) Paschim kalabag omorpur Mr. Kamur Uddin house to Md. All house in ward no-05 under Narayanganj City Corporation in the FY-2023-24 (L=400m)<br><br>2) Construction of Road and drain by RCC from Jalkuri Jalal madbor to Roni house via Bayejid Ahammed house in ward no.-09 under NCC in the FY-2023-24 (L=340m)<br><br>3) Construction of Road and drain by RCC at Bagpara from Mr Shahajalal office to Mr. Guljar house in ward no.-06 under NCC in the FY-2023-24 (L=70m)<br><br>4) Maintenance of approach road by RCC from Kadamtoli bus stand to M.W. high school in ward no.-07 under NCC in the FY-2023-24.<br><br>5) Construction of Road and drain by RCC Kadamtoli west Nayapara from Shahi Mosjid to west direction Mr. Azaz house in ward no.- 07 under NCC in the FY-2023-24 (L=120m) | | | | | | চূড়ান্ত বিল প্রস্তুত করা হচ্ছে। |
| | (LGCRRP-W-07) | Construction of Road and drain by RCC from (a) Batenpara Namarchor Shukkur house to Bash Bari Restaurant Ch. 0.00-290.00m (b) Batenpara Alamin nagar southpara road Awal shop to Tomal house ch 0.00-760.00m(c) Ishaque Mia house to Journalist Mr. Khalilur house Ch 0.00-140.00m (d) Construction of Uni- block paver road and drain by RCC in C I khola Baytul najat jame nosjid to Mostofa house & Yusuf house Ch 0.00-190.00 in ward no-01 under Narayanganj city corporation. (L=1380m) | বিশ্ব ব্যাংক | ৬২৪.১০ | ২১/০৭/২৪ | ২০/০৪/২৫ | ৬০% | সংশ্লিষ্ট সাইটে জলাবদ্ধতা থাকায় কাজের গতি মন্থর। সময় বৃদ্ধি করার প্রক্রিয়া চলমান। |
| | (LGCRRP-W-08) | 1) Construction of Uni-Block Paver road and drain by RCC from (a) Madrasha road to paschim side Shakawat house (b) Mizmize paschim para branch road beside samata garden (c) Mizmize kandapara mosque side branch road (d) Mizmize kandpara mosjid road to branch road & (e) construction of road and drain by RCC from Hazera market to Mr. Matin & Rahul Amin house in ward no.02 under Narayanganj city corporation in the FY-2023- 2024(L=657m)<br><br>2) (a) Construction of road and drain by RCC from Nemaikashary branch road beside Bir Muktijoddha Abdul Mannan house in ward no-03. | বিশ্ব ব্যাংক | ২৭৯.৬৩ | ১০/০৭/২৪ | ০৯/০৪/২৫ | ৮৪% | জায়গা সংক্রান্ত জটিলতার কারণে সম্পূর্ণ কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। চূড়ান্ত বিল প্রস্তুত করা হচ্ছে। |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | Ch0.00- 335.00m<br>(b) construction of Uni-Block paver road and drain by RCC Madaninagar madrasha branch road beside Mr. Ruhul amin sheikh house in ward no-03, Ch. 0.00-65.00m<br>(c) construction of Uni-Block paver road and drain by RCC in Sanarpar London market west side branch road upto Mr. Jamal house in ward no-03, ch 0.00-45.00 under Narayanganj city corporation in the FY 2023-2024 (L=445m) | | | | | | |
| | (LGCRRP-W-09) | 1) Rehabilitation of M-Circus Road by RCC and partial RCC drain in ward no:11 FY2023-2024. Ch.00-455m<br>2) Construction of Road & Drain by RCC starting from water works Road Jobbar koloni ch 00-225m, in ward no-11 (FY-2023-2024)<br>3) Rehabilitation of Isdair Octo office more to Saboc coloni in word no.12, (FY-2023-2024.) Ch. 00-400m.<br>4) Rehabilitation of Road CC & Drain by RCC beside Masdair gudara ghat in ward no-13 (FY-2023-2024) Ch. 00-340m<br>5) Construction of Branch road CC Road & RCC Drain Freedom Fighter Shohizan road in ward no:16. FY-2023-2024. Ch. 00-85m<br>6) Rehabilitation of RCC Road and Drain beside Paikpara shabok Coloni in ward no:17 FY-2023-2024 Ch. 00-200m | বিশ্ব ব্যাংক | ৫৩৬.৬১ | ১১/০৭/২৪ | ১০/০৪/২৫ | ১০০% | চূড়ান্ত বিল প্রক্রিয়াধীন। |
| | (LGCRRP-W-10) | 1) Construction of CC Road and RCC Drain from Mahmud Nagar Kacha bazar to West side Sarder Docyard in ward no-20. Under NCC. Ch. 00-280m<br>2) Construction of CC Road and RCC Drain from Forazikanda Main Road to East side Dhali bari in ward no-20. Under NCC Ch. 00-100m<br>3) Construction of Bandar Graveyard Office room and Corpse room in ward no - 22.<br>4) Construction of Road and drain by RCC at Godnail Bhuiyanpara from Rail line to west direction Miss Rahima begum house in ward no.-08 under NCC in the FY-2023-24 (L=120m)<br>5) Construction of Drain and Road by RCC at Modhughor Adhare Alo protibondhi kallyan songstha to-wards west direction (Ch. 0.00- 130.00m) Mr. Sayedul house in ward no.-08 under NCC in the FY-2023- | বিশ্ব ব্যাংক | ৩০২.১৮ | ২০/০৬/২৪ | ১৯/০৩/২৫ বর্ধিত ১৯/০৬/২৫ | ৯০% | চূড়ান্ত বিল প্রস্তুত কার্যক্রম প্রক্রিয়াধীন। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | 24(L=130m)<br>6) Maintenance of Road by RCC (which cutted) from (i) 02nos. Dhakeshawry bus stand to west dir. Upto RK Park road (ii) RK Park road to west dir. Urutex in ward no.-08 under NCC in the FY-2023-24 (L=790m).<br>7) Upgrading of Road by Uniblock with Sand filling at Godnail Bhuiyanpara from Rail line to west direction upto Mr. Salam Jobair house in ward no.-08 under NCC in the FY-2023-24 (L=62m). | | | | | | |
| (LGCRRP-W-11) | (A) Repairing Mubarak shah road, Bir Muktijuddha Abdur roufsarak, Bir Muktijuddha Shohijansarak, khankagoli, L.N.A road, Khaja Nazmul hasan road, west Deobhog road by BC in ward-16 (FY-2023-2024.) Ch. 00-7515m<br>B) Repairing of Paikpara Muktijuddha Road by BC in ward no:17, (FY-2023-2024.) Ch. 00-785m | বিশ্ব ব্যাংক | ৫৩৮.৪৭ | ১০/০৭/২৫ | ১০/০৪/২৫ | ৮০% | রি-কাস্ট ও সময় বৃদ্ধি করার কার্যক্রম চলমান। |
| (LGCRRP-W-12) | (A) Repairing of Road by BC Starting from Alamin Nagari Bridge to Koyla Ghat in ward no:18, (FY-2023-2024) Ch. 00-1190m<br>(B) Repairing of Bangabandhu Extension Road Starting from Nitaygonj more syathpur Bridge &kodomtoli Bridge and Muktijudha road in ward no:18, (FY 2023-2024.)Ch. 00-2085m | বিশ্ব ব্যাংক | ৬৭১.৪১ | ১০/০৭/২৪ | ০৯/০৪/২৫ | ৯০% | সময় বৃদ্ধি করার কার্যক্রম চলমান। |
| (LGCRRP-W-13) | (A) Repairing of Hazigonj Rail line to chowdhuri bari vai 2no Dhakashory bazar partial RCC drain with BC in ward no:10,11 FY-2023-2024. Drain (North-South and Water Works Road) ch.00-190m.<br>(B) Repairing of Hazigonj Rail line to chowdhuri bari vai 2no Dhakashory bazar partial RCC drain with BC in ward no:10,11 FY-2023-2024.Drain (North-South and Water Works Road)ch.00-3665m.<br>(C) Repairing of Salimullah Road and chashara more in ward no:12, (FY 2023-2024.) Ch. 00-210m (c) Repairing of Nawab Sirajdullah Road in ward no:13,15 (FY 2023-2024.) Ch. 00-800m<br>(D) Repairing of Shahid Shoroardi Road Starting from 2no rail gate to Metro rail vai 1no rail gate in ward no:15, (FY 2023-2024.) Ch. 00-1320m<br>(E) Repairing of Bhuiyarbag pond Road carpeting and fencing in ward no:14, FY-2023-2024. Ch. 00-332m | বিশ্ব ব্যাংক | ৯৯৩.৫১ | ১০/০৭/২৪ | ১০/০৪/২৫ | ৮৫% | রি-কাস্ট ও সময় বৃদ্ধি করার কার্যক্রম চলমান। |
| (LGCRRP-W-14) | 1) Upgrading of Road by RCC (which cutted by DPDC) from Demra road to Danish condense milk factory east gate at Shimrail in ward no-04 | বিশ্ব ব্যাংক | ২১৮৮.৫৬ | ১১/০৭/২৪ | ১০/০৪/২৫ | ৭০% | সময় বৃদ্ধির কার্যক্রম চলমান। |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | under Narayanganj city corporation in the FY-2023-2024 (L=895.00m)<br>2) Construction of Uni-Block paver road and drain by RCC a) Shimrail uttarpara branch road beside Salimon house in ward no.04 (L=391.00m) & b) Shimrail Uttarapara branch road beside Mr. karim house in ward no.04 (L=130.00m) under Narayanganj city corporation in the FY-2023-2024 | | | | | | |
| ৮ | ০৭/২০২৩-২৪<br>২টি<br>(সমাপ্ত ০টি) | ১১নং ওয়ার্ডে আইটি স্কুলের সম্মুখে ৬ (ছয়) তলা বিশিষ্ট ২ (দুই) টি আবাসিক ভবন নির্মাণ | নিজস্ব তহবিল | ৭১০.১১ | ১১/১১/২৪ | ১০/০৫/২৬ | | ড্রয়িং-ডিজাইন রিভিউ করা হচ্ছে। |
| | | ১৫নং ওয়ার্ডে কার পার্কিং ভবনের দক্ষিণ পার্শ্বে ৪ (চার) তলা বিশিষ্ট বাণিজ্যিক ভবন নির্মাণ | নিজস্ব তহবিল | ৬৬৫.০০ | ০৬/০৬/২৪ | ০৬/১২/২৫ | - | ডিজাইন রি-চেক করার জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |

**সিদ্ধিরগঞ্জ অঞ্চল**

| ক্রম | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২৬/২০২০-২১<br>১টি<br>(সমাপ্ত ০টি) | ৬নং ওয়ার্ডে সিদ্ধিরগঞ্জ জোনাল অফিস ভবন নির্মাণ | নিজস্ব তহবিল | ১৯৩.৪৯ | ০৬/১০/২১ | ০২/১০/২২<br>বর্ধিত<br>৩০/১২/২৪ | ৮৬% | ঠিকাদার পুনরায় কাজ শুরু করেছে। কাজ চলমান। |
| ২ | ০৯/২০২২-২৩<br>১টি<br>(সমাপ্ত ০টি) | Vertical extension (5th to 8th story) of City Dolanchapa Plaza-01, Commercial cum Residential Building at Dhanakunda area in ward no-08 under Narayanganj City Corporation. | নিজস্ব তহবিল | ১১৮৩.২৯ | ১০/১০/২৩ | ১৯/০৯/২৫ | ২৩% | ডিজাইন সংশোধন করা হয়েছে। কাজ চলমান। |
| ৩ | ০৪/২০২৩-২৪<br>২টি<br>(সমাপ্ত ০টি) | Construction of RCC drain in West side of Bangabandhu road with footpath (UDCGP-NCC-D-2) (RCC Drain-1980m, Pipe Drain-1050m) | ইউডিসিজিপি | ২০৭০.৯৮ | ১১/০৬/২৪ | ১০/০৬/২৫ | ৩০% | কাজ চলমান। |
| | | Construction of RCC drain in East side of Bangabandhu road with footpath (UDCGP-NCC-D-1) (RCC Drain-3592m) | ইউডিসিজিপি | ১৯১৪.৯৬ | ১১/০৮/২৪ | ২৩/০২/২৬ | ৩৫% | কাজ চলমান। |
| ৪ | ০২/২০২৪-২৫<br>১টি<br>(সমাপ্ত ০টি) | Construction of Ali Ahmed Chunka Public Place and Playground. | ইউডিসিজিপি | ১৬৩৭.৯৪ | ১৫/০১/২৫ | ০৯/০৭/২৬ | ৫% | সাইট বুঝিয়ে দেয়া হয়েছে। কাজ চলমান। |

**কদমরসুল অঞ্চল**

| ক্রম | দরপত্র বিজ্ঞপ্তি নং ও স্কিম সংখ্যা | প্রকল্পের নাম | তহবিলের উৎস | চুক্তিমূল্য (লক্ষ টাকা) | চুক্তি সম্পাদনের তারিখ | সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ডিপিপি | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন | এডিবি | ৪০৮.৮৫৪৮ | ০১/০১/২১ | ৩০/০৬/২৭ | ৬০% | ভূমি অধিগ্রহণ ব্যয় বৃদ্ধি পাওয়ায় পিএসসি কর্তৃক সুপারিশকৃত ৪০৭৮৫.৪৮ লক্ষ টাকার সংশোধিত ডিপিপি গত ০৪/০৫/২০২৫ খ্রিঃ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | তারিখে অনুষ্ঠিত পিইসি সভায় অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে ভূমি অধিগ্রহণ খাতে ১৯৯.৮৬৯৮ কোটি টাকা জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর জমা প্রদান করা হয়েছে। |
| ২ | ১৯/২০২০-২১<br>৯টি<br>(সমাপ্ত ৮টি) | Construction of two storied 46 no. Khadam Sharif Government Primary school Building with four storied foundation in ward no-23 | নিজস্ব তহবিল | ২৯৪.২৬ | ০২/০৮/২১ | ০২/০৪/২২<br>বর্ধিত<br>৩০/০৯/২৩ | ৯০% | ডিজাইন পরিবর্তন হওয়ায় Variation Order প্রয়োজন। কার্যক্রম চলমান। |
| ৩ | ০৭/২০২৩-২৪<br>৩টি<br>(সমাপ্ত ০টি) | Construction of Garage and Shop at east side of Akij Cement Factory at ward no.-23. | নিজস্ব তহবিল | ২৩৯.১৭ | ০৪/১১/২৪ | ০৪/১১/২৫ | ৫% | Design/Drawing review সম্পন্ন হয়েছে। Foundation Layout এর কাজ চলমান। |
| | | Construction of 2 (Two) storied commercial cum residential building (Scavenger's Colony) with proposed 04(four) storied foundation at south side of Akij Cement Factory in ward no-23. (Type- A) | নিজস্ব তহবিল | ২৬২.৫৪ | ০৪/১১/২৪ | ০৪/১১/২৫ | ৫% | সংশ্লিষ্ট ঠিকাদারকে সাইট বুঝিয়ে দেয়া হয়েছে। Mobilization Work চলমান। |
| | | Vertical extension of existing Scavenger's Colony (1st & 2nd floor) at south side of Akij Cement Factory in ward no - 23. (Type- C) | নিজস্ব তহবিল | ৯৫.২৫ | ০৪/১১/২৪ | ০৪/১১/২৫ | - | Sub-soil Investigation সম্পন্নকরণপূর্বক Soil Test রিপোর্ট দেয়া হয়েছে। |
| ৪ | ২৫/২০১৮-১৯<br>৩টি<br>(সমাপ্ত ২টি) | Construction of Scavengers Colony Part-B at Rishipara under Narayanganj City Corporation | সরকারি ও নিজস্ব তহবিল | ১৮৩৩.৭৯ | ০৬/১০/২১ | ০৫/০৯/১৯<br>জরিমানাসহ<br>বর্ধিত<br>০৩/০৩/২৫ | ৯৯% | Liquidated Damage আরোপ করা হয়েছে। কাজ চলমান। |
| | ০৪/২০২০-২১<br>২টি<br>(সমাপ্ত ১টি) | Construction of Scavengers Colony at Isdair under Narayanganj City Corporation. Block-A | সরকারি ও নিজস্ব তহবিল | ১১৪৭.৯৮ | ২৫/১০/২০ | ২৫/০৪/২২<br>জরিমানাসহ<br>বর্ধিত<br>৩১/১২/২৪ | ১০০% | চূড়ান্ত বিল প্রদান প্রক্রিয়াধীন। |

বর্ণিত আলোচনার প্রেক্ষিতে কদমরসুল অঞ্চলের (ছকের ১ নং ক্রমিকে উল্লিখিত) "কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন" প্রকল্পটির ভূমি অধিগ্রহণ বিষয়ে গৃহীত কার্যক্রম দুত সম্পন্ন করার লক্ষ্যে সভায় উপস্থিত অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), নারায়ণগঞ্জ-কে সহায়তা জন্য সভাপতি অনুরোধ করেন। সে প্রেক্ষিতে তিনি মৌজাভিত্তিক আলাদা প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করেন এবং এ বিষয়ে ব্যবস্থা গ্রহণে তিনি তার যথাসাধ্য চেষ্টা করবেন মর্মে আশ্বস্ত করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে আলোচনায় উল্লিখিত উন্নয়ন কাজ ও প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৬: লোকসংখ্যা পুনঃনির্ধারণপূর্বক পানির বিল জারিকরণ সম্পর্কিত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পানি সরবরাহ বিভাগের রাজস্ব শাখার রাজস্ব আদায়কারী (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ হান্নান মিয়া জানান, পানি সরবরাহের জন্য ঢাকা ওয়াসা জোন ১১ এর কার্যক্রম নভেম্বর ২০১৯ হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তরিত হয়। এরই ধারাবাহিকতায় রাজস্ব আদায়ের স্বার্থে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে অবৈধ সংযোগ বৈধকরণের নিমিত্তে বিজ্ঞপ্তি

প্রদানপূর্বক আবেদন ফরম বিক্রি করা হয়। আবেদনের প্রেক্ষিতে অবৈধ সংযোগ (পাইপ লাইন ও গভীর নলকূপ) বৈধকরণের উদ্দেশ্যে ডিমান্ড রশিদ কেটে সি.পি. (কানেকশন পারমিশন) জারি করা হয়। তৎপ্রেক্ষিতে ১৪/০৩/২০২১ খ্রিঃ তারিখে নথি অনুমোদনের প্রেক্ষিতে ডিমান্ড নোট ইস্যুর তারিখ হতে মিটারবিহীন পাইপ লাইনের ক্ষেত্রে জনপ্রতি দৈনিক ১২৫ লিটার হারে গড়ে ৫ জন ব্যবহারকারী এবং গভীর নলকূপের ক্ষেত্রে জনপ্রতি দৈনিক ১২৫ লিটার হারে গড়ে প্রতি ফ্ল্যাটে ৮ জন ব্যবহারকারী নির্ধারণ করে মাসিকভিত্তিতে পানির বিল জারির সিদ্ধান্ত অনুমোদিত হয়। কিন্তু চলমান বিভিন্ন জরিপ কার্যক্রমে লোক সংখ্যার ভিত্তিতে পানির বিল জারির সিদ্ধান্তটি (প্রতি ফ্ল্যাটে ৮ জন মানুষ পাওয়া যায় না) বাস্তবসম্মত নয় মর্মে প্রতীয়মান হয়। এমতাবস্থায়, গ্রাহকগণের আবেদনের প্রেক্ষিতে প্রতি ফ্ল্যাটে/ পরিবারে লোক সংখ্যার ভিত্তিতে পানির নতুন বিল জারির জন্য লোক সংখ্যা পুন:নির্ধারণের বাস্তবসম্মত সদয় সিদ্ধান্ত প্রয়োজন মর্মে তিনি বিষয়টি সকলের জ্ঞাতার্থে উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, (১) লোকসংখ্যা পুনঃনির্ধারণপূর্বক পানির বিল জারিকরণ বিষয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। (২) কমিটির সিদ্ধান্ত/ সুপারিশ অনুযায়ী পরবর্তী সভায় এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, পানি সরবরাহ বিভাগ (রাজস্ব শাখা), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৭: সরকারি হোল্ডিং-এ সিটি কর্পোরেশনের বকেয়া কর আদায় সম্পর্কিত আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের বিপরীতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ৪,৭১,১২,৭০৭/- টাকা বকেয়া কর পাওনা রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য-

| ক্রম | প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠান প্রধান | হোল্ডিং নম্বর ও রাস্তার নাম | বকেয়ার সন | বকেয়া | সারচার্জ | হালসন (২০২৪-২৫) | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | চেয়ারম্যান, রাজউক | ৪৯ বিবি রোড | ১৯৯৯-২০২৪ | ৬,৭৯,১৯২ | ১,০১,৮৭৯ | ৩৮,৫০০ | ৮,১৯,৫৭১ |
| | | | ৫০ বিবি রোড | ১৯৯৯-২০২৪ | ৯,৬৭,৭২৫ | ১,৪৫,১৫৯ | ৫৫,০০০ | ১১,৬৭,৮৮৪ |
| | | | ৫১ বিবি রোড | ১৯৯৯-২০২৪ | ১০,৪৭,১১৬ | ১,৫৭,০৬৭ | ৭৭,০০০ | ১২,৮১,১৮৩ |
| | | | ৫২ বিবি রোড | ১৯৯৯-২০২৪ | ১০,৫৯,৭৮০ | ১,৫৮,৯৬৭ | ৫১,৩০০ | ১২,৭০,০৪৭ |
| | | | ৫৩ বিবি রোড | ১৯৯৯-২০২৪ | ৯,৬২,৮৬৬ | ১,৪৪,৪৩০ | ৫৭,০০০ | ১১,৬৪,২৯৬ |
| | | | ২৬ শহিদ সোহরাওয়ার্দী রোড | ১৯৯৯-২০২৪ | ৯,৮৫,৫৭৫ | ১,৪৭,৮৩৬ | ৫৫,০০০ | ১১,৮৮,৪১১ |
| | | | | উপমোট= | **৫৭,০২,২৫৪** | **৮,৫৫,৩৩৮** | **৩,৩৩,৮০০** | **৬৮,৯১,৩৯২** |
| ২ | বাংলাদেশ রেলওয়ে | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে | ০১ সিরাজউদ্দৌলা রোড (নারায়ণগঞ্জ স্টেশন) | ২০২২-২০২৪ | ৯,১১,১৬১ | ১,৩৬,৬৭৪ | ৬,১২,৮৯৮ | ১৬,৬০,৭৩৩ |
| | | | ৬৪ বিবি রোড (স্টাফ কোয়ার্টার) | ২০১৪-২০২৪ | ৩৮,৬২,৯০৮ | ৫,৭৯,৪৩৬ | ৪,০৭,৪৬২ | ৪৮,৪৯,৮০৬ |
| | | | ২৭৫ বিবি রোড (চাষাড়া স্টেশন) | ২০২৩-২০২৪ | ১১,৬৬০ | ১,৭৪৯ | - | ২৫,০৬০ |
| | | | ৬৩ বিবি রোড (স্টাফ কলোনি) | ২০১১-২০২৪ | ৮,০৯,৪৭৬ | ১,২১,৪২১ | ১১,৬৬০ | ৯,৩০,৮৯৭ |
| | | | | উপমোট= | **৫৫,৯৫,২০৫** | **৮,৩৯,২৮০** | **১০,৩২,০২০** | **৭৪,৬৬,৫০৫** |
| ৩ | শহিদ জিয়া হল, নারায়ণগঞ্জ | জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ | ২৭০/১ বিবি রোড | ২০১০-২০২৪ | ১৬,২৫,৭৫০ | ২,৪৩,৮৬৩ | ১,৪৭,১১৪ | ২০,১৬,৭২৭ |
| | পূর্ণ লক্ষী (হুকুম দখল বাড়ি) | | ২২৮ বিবি রোড | ১৯৯২-২০২৪ | ১,১৪,৫০৩ | ১৭,১৭৫ | ১৫,২৯০ | ১,৪৬,৯৬৮ |
| | ভাওয়ারী লাল গুপ্ত (হুকুম দখল বাড়ি) | | ১৫৬ বিবি রোড | ২০০৮-২০২৪ | ২,৩০,৪৬৬ | ৩৪,৫৭০ | ১৬,৩৪৬ | ২,৮১,৩৮২ |
| | ভাওয়ারী লাল গুপ্ত (হুকুম দখল | | ৫৬ সুলতান গিয়াস উদ্দিন রোড | ১৯৭৮-১৯৭৯ | ২৯,০৮০ | ৪,৩৬২ | - | ৩৩,৪৪২ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বাড়ি) | | | | | | | |
| | কালেক্টরেট পাবলিক স্কুল | | ১৭ নবাব সলিমুল্লাহ রোড | ২০০৯-২০১০ | ২,৩৩,৪৭৭ | ৩৫,০২২ | ৩১,১০৮ | ২,৯৯,৬০৭ |
| | | | | উপমোট= | **২২,৩৩,২৭৬** | **৩,৩৪,৯৯২** | **২,০৯,৮৫৮** | **২৭,৭৮,১২৬** |
| ৪ | দি চিত্তরঞ্জন কটন মিলস লিঃ | মহাব্যবস্থাপক | ২০৯ গোদনাইল রোড | ১৯৯৪-২০২৪ | ৬৬,৭০,৭০৬ | ১০,০০,৬০৬ | ১,১০,০৪৪ | ৭৭,৮১,৩৫৬ |
| | লক্ষ্মীনারায়ণ কটন মিলস | | ১৭৭ গোদনাইল রোড | ১৯৯৪-২০০১ | ৫,২৫,০০০ | ৭৮,৭৫০ | - | ৬,০৩,৭৫০ |
| | | | | উপমোট= | **৭১,৯৫,৭০৬** | **১০,৭৯,৩৫৬** | **১,১০,০৪৪** | **৮৩,৮৫,১০৬** |
| ৫ | জুট কর্পোরেশন, নারায়ণগঞ্জ | চেয়ারম্যান, বাংলাদেশ জুট কর্পোরেশন | ২৬৬ গোদনাইল রোড | ২০১০-২০২৪ | ১,৪৯,০৪,১০৬ | ২২,৩৫,৬১৬ | ১৩,২৪,৯০৬ | ১,৮৪,৬৪,৬২৮ |
| | মেসার্স রেলী ব্রাদার্স, পাট কর্পোরেশন | | ৬৫ নয়ামাটি রোড | ১৯৯৫-২০২৪ | ২০,০৬,৬৭০ | ৩,০১,০০১ | ২,০৪,১৬০ | ২৫,১১,৮৩১ |
| | | | | উপমোট= | **১,৬৯,১০,৭৭৬** | **২৫,৩৬,৬১৭** | **১৫,২৯,০৬৬** | **২,০৯,৭৬,৪৫৯** |
| ৬ | নারায়ণগঞ্জ জেলা ক্রীড়া সংস্থা | সাধারণ সম্পাদক | ৮/১ ইসদাইর রোড | ২০২০-২০২১ | ৪,৩৯,৪০৬ | ৬৫,৯১১ | ১,০৯,৮০২ | ৬,১৫,১১৯ |
| | | | | উপমোট= | **৪,৩৯,৪০৬** | **৬৫,৯১১** | **১,০৯,৮০২** | **৬,১৫,১১৯** |
| | | | | **মোট =** | **৩,৮০,৭৬,৬২৩** | **৫৭,১১,৪৯৪** | **৩৩,২৪,৫৯০** | **৪,৭১,১২,৭০৭** |

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, বকেয়া করের তালিকাসহ উপরোক্ত ছকে উল্লিখিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ প্রধানের বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর নির্ধারণ ও আদায় শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৮: কর মেলা ২০২৫ আয়োজন সম্পর্কিত আলোচনা।

**আলোচনা**: সভাপতি বলেন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের রাজস্ব আদায় বৃদ্ধিকরণের লক্ষ্যে কর মেলা আয়োজন করা যেতে পারে। কর প্রদানে জনগণকে উদ্বুদ্ধকরণের জন্য কর মেলায় বিভিন্ন সুবিধা প্রদান করা যেতে পারে। যেমন: (১) বকেয়া করের উপর আরোপিত ১৫% সারচার্জ মওকুফ, (২) হাল দাবির সমুদয় এককালীন পরিশোধে ১০% রিবেট সুবিধা প্রদান, (৩) স্থাপনার অংশ হারে কর বিভাজন ও দখলে হোল্ডিং প্রদান, (৪) তাৎক্ষণিক নতুন হোল্ডিং সৃজন, (৫) নামজারীর আবেদন গ্রহণ করে দ্রুত ব্যবস্থা গ্রহণ। এসকল সুবিধাদি প্রদান করা গেলে রাজস্ব আদায়ের অগ্রগতি তুলনামূলকভাবে বৃদ্ধি করা যাবে। এ ছাড়াও এ বিষয়ে কারো কোনো মতামত থাকলে সে সকল বিষয় উল্লেখ করার জন্য সভাপতি সবাইকে আহবান করেন। তার এ প্রস্তাবের সাথে সকলে একমত পোষন করেন।

অতঃপর কর মেলা আয়োজন করতে যেসকল পদক্ষেপ গ্রহণ করতে হবে সে সকল বিষয়ে সভায় আলোচনা করা হয়। যেমন: (১) ২৭টি ওয়ার্ডের জন্য ন্যূনতম ৫টি করে ১৩৫টি ব্যানার ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে প্রতিস্থাপন; (২) ১৬-৩০ জুন ২০২৫, ১৫ দিনব্যাপী তিনটি অঞ্চলে ৩টি প্যান্ডেল স্থাপন ও সজ্জিতকরণ; (৩) প্যান্ডেলের মধ্যে ব্যানার, চেয়ার, টেবিল, ফ্যান ও মাইক ব্যবস্থাকরণ; (৪) ১টি ট্রাক ব্যানার দিয়ে সজ্জিতকরণ। ট্রাকে চেয়ার, মাইক ও ঢোলের ব্যবস্থাসহ সংশ্লিষ্ট অঞ্চলের সমগ্র এলাকায় ঘুরে প্রচারকরণ; (৫) প্যান্ডেলে কর দাতাদের আপ্যায়নের জন্য চা ও পানির ব্যবস্থাকরণ।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, (১) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর ভবন ও ০২ টি আঞ্চলিক কার্যালয়ে মোট ০৩ টি ভেন্যুতে ১৬-৩০ জুন ২০২৫, ১৫ দিনব্যাপী অস্থায়ী পেন্ডেলের মাধ্যমে কর মেলা আয়োজনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। (২) উক্ত কর মেলা আয়োজনে পর্যাপ্ত প্রচার প্রচারণা করার জন্য (ক) মাইকিং করা, (খ) সোস্যাল মিডিয়ায় প্রচার করার ব্যবস্থা করা, (গ) লিফলেট বিতরণ, (ঘ) টিভির স্ক্রলে প্রচার, (ঙ) প্রতি জুমআ'র নামাজের সময় এ বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার প্রতিটি মসজিদে জানিয়ে দেয়া ও আলোচনা করার জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নারায়ণগঞ্জ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর নির্ধারণ ও আদায় শাখা, সম্পত্তি বিভাগ, প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসূচি ৯(১): দৈনিক মজুরিভিত্তিতে দক্ষ শ্রমিক নিয়োগ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, এ প্রতিষ্ঠানের কার্যক্রমকে আরও বেগবান করার লক্ষ্যে জরুরিভিত্তিতে (১৭/০২/২০২৫ খ্রিঃ তারিখ হতে ১৮/০৫/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত) নিম্নবর্ণিত ছকে উল্লিখিত কর্মচারীগণকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দক্ষ শ্রমিক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

| নিয়োগের ধরণ | নিয়োগের স্থান/বিভাগ/শাখা | সংখ্যা (জন) | মাসিক বেতন | মোট মাসিক বেতন |
|---|---|---|---|---|
| দক্ষ শ্রমিক | নৈশ প্রহরী/দারোয়ান | ৪ | ১৫০০০/- | ৬০,০০০/- |
| | পানি সরবরাহ বিভাগ | ১ | ১৫০০০/- | ১৫,০০০/- |
| | রাজস্ব শাখা | ২ | ১৫০০০/- | ৩০,০০০/- |
| | কবরস্থানের কেয়ারটেকার | ২ | ১৫০০০/- | ৩০,০০০/- |
| **মোট =** | | **৯ জন** | -- | **১,৩৫,০০০/-** |

উপরোক্ত বিষয়টি সভায় অনুমোদনের জন্য তিনি উপস্থাপন করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে ছকে উল্লিখিত মাসিক বেতনে উপরোক্ত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দক্ষ শ্রমিক হিসেবে জনবল নিয়োগের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসূচি ৯(২): জনভিত্তিক অভিযোজন পরিকল্পনা (People's Adaptation Plan) প্রণয়ন প্রসঙ্গে।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মো: মঈনুল ইসলাম জানান, Global Affairs Canada (GAC) এর অর্থায়নে Global Center on Adaptation (GCA) এর সহযোগিতায় প্রাকটিক্যাল এ্যাকশন ইন বাংলাদেশ কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এ "People's Adaptation Plans for Inclusive, Climate-Resilient Urban Service Delivery in Narayanganj City" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণী নিম্নরুপ:

<table>
<tr><th colspan="2">প্রকল্পের বিস্তারিত বিবরণ</th></tr>
<tr><td colspan="2">প্রকল্পের শিরোনাম: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে অন্তর্ভুক্তিমূলক, জলবায়ু-সহনশীল নগর পরিসেবা প্রদানের জন্য জনগণের অভিযোজন পরিকল্পনা (People's Adaptation Plans for Inclusive, Climate-Resilient Urban Service Delivery in Narayanganj City Corporation); প্রকল্পের মেয়াদকাল: ১২ মার্চ ২০২৫ - ৩১ মার্চ ২০২৬; পরিকল্পনার মেয়াদকাল : ২০২৬-২০৩১ (০৫ বছর মেয়াদী); প্রকল্পের সম্ভাব্য বাজেট: ৯৩,৪৫,৩৬২/- টাকা; বাস্তবায়নকারী প্রতিষ্ঠান: প্র্যাকটিক্যাল এ্যাকশন, বাংলাদেশ। সার্বিক সহযোগিতায়: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন; আর্থিক সহযোগিতায়: গ্লোবাল অ্যাফেয়ার্স কানাডা।<br>প্রকল্প এলাকা: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন</td></tr>
<tr><td>প্রকল্পের উদ্দেশ্য</td><td>প্রকল্পের ফলাফল</td></tr>
<tr><td>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের (এনসিসি) জন্য একটি জনগণের অভিযোজন পরিকল্পনা প্রণয়ন করা যাতে নগর দরিদ্রদের জলবায়ু সম্পর্কিত অগ্রাধিকারগুলি এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) প্রকল্প বিনিয়োগ এবং ফলাফল, যার মধ্যে তিনটি মাস্টার প্ল্যান অন্তর্ভুক্ত, প্রতিফলিত হয়।</td><td>১. নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মধ্যে অগ্রাধিকারপ্রাপ্ত ওয়ার্ডগুলির জন্য একটি বিস্তৃত বর্তমান এবং ভবিষ্যতের জলবায়ু ঝুঁকি নির্ণয় করা।<br>২. নারায়ণগঞ্জের জলবায়ু ঝুঁকিপূর্ণ সম্প্রদায়গুলিকে জনগণের অভিযোজন পরিকল্পনা তৈরিতে সহায়তা করা।<br>৩. কারিগরি বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করে স্থানীয়ভাবে প্রাসঙ্গিক এবং সাশ্রয়ী অভিযোজন সমাধান তৈরি করতে নারীদের জন্য নারী অভিযোজন ল্যাবগুলিকে সহায়তা করা।<br>৪. আইএফআই প্রকল্পের অধীনে প্রস্তুত করা তিনটি নগর মাস্টারপ্ল্যানের মধ্যে চিহ্নিত অভিযোজন পদ্ধতি এবং সমাধানগুলি একীভূত করার জন্য এনসিসি কর্তৃক জনগণের অভিযোজন পরিকল্পনা গ্রহণে সহায়তা করা।<br>৫. আইএফআই প্রকল্পের অধীনে বিনিয়োগগুলিকে অবহিত করার জন্য অগ্রাধিকার ব্যয়বহুল সমাধানগুলির একটি তালিকা তৈরি করতে সহায়তা করা।</td></tr>
</table>

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে অন্তর্ভুক্তিমূলক, জলবায়ু-সহনশীল নগর পরিসেবা প্রদানের জন্য জনগণের অভিযোজন পরিকল্পনা (People's Adaptation Plans for Inclusive, Climate-Resilient Urban Service Delivery in Narayanganj City Corporation) প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
**বাস্তবায়নে:** নগর পরিকল্পনা শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচনা:**

সভায় উপস্থিত পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর প্রতিনিধি অফিসার ইনচার্জ, নারায়ণগঞ্জ সদর মডেল থানা জনাব মোহাম্মদ নাছির আহমদ জানান, জনগণের সেবায় জেলা পুলিশ, নারায়ণগঞ্জ সর্বদা প্রস্তুত আছে। শহরের যানজট নিরসনে জেলা পুলিশ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। যানজট নিরসনকল্পে যৌথ বাহিনীর উদ্যোগে শহরের বিভিন্ন পয়েন্টের ফুটপাথ থেকে বিভিন্ন ঠেলাগাড়ি ও ভ্রাম্যমান ছোট ছোট টং দোকান উচ্ছেদপূর্বক আটক করে নগর ভবনে নিয়ে আসা হয়। কিন্তু আটক করার কিছুদিন পরেই উক্ত ভ্রাম্যমান টং দোকানসমূহ পূর্বের জায়গায় স্থাপন করা হয়েছে মর্মে পরিলক্ষিত হচ্ছে। এ বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে আরো শক্ত অবস্থানে থাকার জন্য তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার এ বক্তব্যের সাথে সভাপতি মহোদয় সদয় সম্মতি জ্ঞাপন করেন এবং ভবিষ্যতে এ ধরনের আটককৃত মালামাল যথাযথ উপায়ে ধ্বংস করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৫/২৫

(এ, এইচ, এম কামরুজ্জামান)
প্রশাসক (অতিরিক্ত সচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.০৬.১৭৬.২৪-২৬৫

তারিখ: ২২/০৫/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। ------------------------------------------------------------------------------------------- নারায়ণগঞ্জ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। জনাব -----------------------------------------------------------------------------নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা।

22/05/2025

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**পরিশিষ্ট - (ক)**

২১/০৫/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বুধবার সরকার কর্তৃক গঠিত কমিটির ৮ম **সভায় উপস্থিত সদস্যগণের** তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে):

১) জনাব এ, এইচ, এম কামরুজ্জামান, প্রশাসক (অতিরিক্ত সচিব), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোহাম্মদ জাকির হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ নূর কুতুবুল আলম, সচিব (উপসচিব), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ আব্দুল ওয়ারেছ আনসারী, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), নারায়ণগঞ্জ।
৫) জনাব মোঃ নাছির আহমদ, অফিসার-ইন-চার্জ, নারায়ণগঞ্জ সদর মডেল থানা, (পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর প্রতিনিধি)।
৬) জনাব এ এফ এম মুশিউর রহমান, সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
৭) জনাব মোহাম্মদ শেখ ফরিদ, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৮) জনাব মোঃ আতিকুর রহমান, জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
৯) জনাব ফেরদৌসী বেগম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১০) জনাব খাজা সাদিকুর রহমান, সহকারী পরিচালক (প্রতিনিধি), বাংলাদেশ অভ্যন্তরীন নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ।
১১) জনাব মোঃ আবদুল্লাহ আল আরেফীন, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ।
১২) জনাব মোঃ সাইফুল কবীর, মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নারায়ণগঞ্জ।
১৩) প্রকৌশলী মোঃ মামুনার রশিদ, উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন লিমিটেড, নারায়ণগঞ্জ।
১৪) জনাব এ, এইচ, এম রাসেদ, উপ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১৫) জনাব নিপেন চন্দ্র সিদ্ধা, সহকারী অথোরাইজড অফিসার (প্রতিনিধি) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জোন-৮, নারায়ণগঞ্জ।

**সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা:**

১) জনাব মোঃ হারুন অর রশিদ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
২) জনাব মোঃ আহসানুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৩) জনাব নাঈম হাসান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১) জনাব মোঃ আব্দুল আজিজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ হেমায়েত হোসেন, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) জনাব সেলিম চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) ডাঃ নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭) জনাব এ, এস, এম মশিউর রহমান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮) জনাব মোঃ হাসানুল ইসলাম, সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯) জনাব মোঃ রেজাউল ইসলাম রাজু, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০) জনাব মোঃ হারুন অর রশিদ, সার্ভেয়ার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।
১১) জনাব বিপ্লব বিশ্বাস, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১২) জনাব মোঃ সবুজ পাটোয়ারী, পরিচ্ছন্ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৩) জনাব মোহাম্মদ হান্নান মিয়া, কর নির্ধারক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৪) জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৫) জনাব ইশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৬) জনাব মোঃ শাখাওয়াৎ হোসেন রিয়াদ, রেজিস্ট্রেশন সহকারী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।